একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মণিরামপুর, যশোর।
manirampur.jessore.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪১৬১.০০০.১৪.০০২.২৬.৭২৬ তারিখঃ ২২-০৭-২০২৬ খ্রি.

বিষয়: ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) এর তথ্য সংগ্রহ নির্দেশিকা-২০২৬ অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে মণিরামপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত খানা তথ্য সংগ্রহ কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রযোজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী<br>*(নির্ধারিত পদসংখ্যা-১৬৯ ও রিজার্ভ-১৯)* | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০ (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।<br>গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।<br>ঘ) পূর্ব অভিজ্ঞতার (থাকলে) প্রমানক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার<br>*(নির্ধারিত পদসংখ্যা-১৫ ও রিজার্ভ-০২)* | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারী/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>খ) পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।<br>গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।<br>ঘ) পূর্ব অভিজ্ঞতার (থাকলে) প্রমানক সংযুক্ত করতে হবে।<br>*মৌখিক পরীক্ষার সময় সকল প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার মূলসনদ প্রদর্শন করতে হবে।* |

আবেদন ফরম প্রাপ্তির স্থান: ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, মণিরামপুর, যশোর ও উপজেলা সমাজসেবা কার্যালয়, মণিরামপুর, যশোর-এর ওয়েবসাইটে (লিংক https://dss.manirampur.jessore.gov.bd) পাওয়া যাবে। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়, মণিরামপুর, যশোর-এ জমা দিতে হবে।

| আবেদন ফরম বিতরণ | আবেদনের ফরম দাখিল | ব্যবহারিক পরীক্ষার (সম্ভাব্য) সময় | শর্তাবলী |
|---|---|---|---|
| ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি.পর্যন্ত সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত | ২২/০৭/২০২৬ খ্রি. হতে ২৫/০৭/২০২৬ খ্রি.পর্যন্ত সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত<br>*(শুক্রবার ও শনিবার অফিসে আবেদন জমা দেওয়া যাবে)* | ২৬/০৭/২০২৬ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা | ১) তথ্য সংগ্রহকারীগণ শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।<br>২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।<br>৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।<br>৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।<br>৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।<br>৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরুপে রক্ষা বাধ্যতামূলক।<br>৭) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপুরণ প্রযোজ্য।<br>৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ।<br>৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে। |

২২.০৭.২০২৬
(মো. সম্রাট হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
মণিরামপুর, যশোর।